

জবির দুই শিক্ষাবর্ষের ই-মেইল সেবা বন্ধ হচ্ছে

জবি প্রতিনিধি

প্রকাশ: ১৬ মে, ২০২৬ ১৬:৫২



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত প্রাতিষ্ঠানিক ই-মেইল অ্যাকাউন্ট আগামী ১৭ মে ২০২৬ থেকে স্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ নাসির উদ্দিন স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গুগল জি-সুইট সেবার নির্ধারিত সীমাবদ্ধতার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ দুই শিক্ষাবর্ষের ই-মেইল আইডি অপসারণের সিদ্ধান্ত নিয়েছে।

এ অবস্থায় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের তাদের অ্যাকাউন্টে থাকা প্রয়োজনীয় তথ্য, ফাইল ও গুরুত্বপূর্ণ ডাটা নির্ধারিত সময়ের আগেই নিজ উদ্যোগে ব্যাকআপ করে রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ নাসির উদ্দিন বলেন, ‘গুগল জি-সুইট সেবার স্টোরেজ ও অন্যান্য প্রযুক্তিগত সীমাবদ্ধতার

কারণে আমাদের এই সিদ্ধান্ত নিতে হয়েছে। আমরা চাই না শিক্ষার্থীদের কোনো গুরুত্বপূর্ণ তথ্য হারিয়ে যাক।

তাই ১৭ মে অ্যাকাউন্টগুলো বন্ধ হওয়ার আগেই সবাইকে প্রয়োজনীয় ডাটা ব্যাকআপ রাখার জন্য অনুরোধ করছি।’

ক্ষোভ প্রকাশ করতে গিয়ে ১৩তম আবর্তনের এক শিক্ষার্থী জানান, প্রাতিষ্ঠানিক ই-মেইল ব্যবহার করে অনেক শিক্ষার্থী গুরুত্বপূর্ণ একাডেমিক কাজ করেছে। বিভিন্ন অফিশিয়াল ও একাডেমিক প্ল্যাটফর্মে এই ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করা হয়েছে। এমনকি অনেকেই গবেষণাপত্র ও জার্নালে পেপার সাবমিট করেছে।

এখন যদি মাত্র তিন-চার দিনের নোটিশে কোনো সুনির্দিষ্ট গাইডলাইন ছাড়াই এই ই-মেইল সেবা বন্ধ করে দেওয়া হয়, তাহলে শুরুতে এই সুবিধা দেওয়ার উদ্দেশ্যই বা কী ছিল? এর ফলে শিক্ষার্থীরা একাডেমিক ও পেশাগতভাবে ক্ষতিগ্রস্ত হবে। সেই দায়ভার কে নেবে?